কালের কণ্ঠ

তারিখ ... 07 AUG 2016 ...
পৃষ্ঠা ২...৩.. কলাম....৬......

এসএসসি-এইচএসসি

# জিপিএর সঙ্গে ফলে নম্বরও থাকবে

নিজস্ব প্রতিবেদক ▷

এখন থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলে জিপিএর পাশাপাশি প্রাপ্ত নম্বরও দেওয়া থাকবে। ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান এ তথ্য জানিয়েছেন। গতকাল শনিবার রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) এক কর্মশালায় তিনি এ কথা জানান।

চলতি বছরের এইচএসসি পরীক্ষার ফল থেকেই এই সিদ্ধান্ত কার্যকর হবে বলেও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জানিয়েছেন। চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল আগামী ১৮ আগস্ট প্রকাশ করা হবে।

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৩

## জিপিএর সঙ্গে

▶▶ শেষ পৃষ্ঠার পর

গ্রেড পদ্ধতিতে ফল দেওয়া শুরুর পর থেকেই নম্বর দেওয়া বন্ধ করা হয়েছিল। শুধু জিপিএ কত পেল, তা দেওয়া হতো। এখন শিক্ষার্থীরা জিপিএর পাশাপাশি প্রাপ্ত মোট নম্বরও জানতে পারবে। সম্প্রতি একজন শিক্ষার্থীর মামলার পরিপ্রেক্ষিতে উচ্চ আদালত শিক্ষার্থীদের মার্কশিট প্রদানের যে নির্দেশ দিয়েছেন এর ভিত্তিতে ফল ঘোষণার সময় নম্বরও জানিয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানা গেছে।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান জানান, নম্বরপত্রে শুধু বিষয়ভিত্তিক নম্বর দেওয়া থাকলেও অনলাইনে একজন শিক্ষার্থী সৃজনশীল, বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে কত নম্বর পেল, তাও আলাদাভাবে ?দেওয়া হবে। অনলাইনে শুধু সংশ্লিষ্ট শিক্ষার্থীই আলাদা নম্বর জানতে পারবে। একাদশ শ্রেণিতে অনলাইন ভর্তি পদ্ধতি নিয়ে নায়েমে কর্মশালাটি অনুষ্ঠিত হয়। এতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, শিক্ষাসচিব সোহরাব হোসাইন প্রমুখ বক্তব্য দেন। সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শেখ মো. ওয়াহিদুজ্জামান।